

তথ্যবিবরণী

নম্বর:১১৭

ময়মনসিংহে ৩৫ হাজার ৭৪ জন উপকারভোগী মহিলাকে জনপ্রতি মাসিক ৩০ কেজি হারে চাল বিতরণ-

ময়মনসিংহ (বুধবার, ১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.)

জাতীয় উন্নয়নের মূল শ্রোতধারায় নারীকে সম্পৃক্তকরণ ও নারীর সার্বিক ক্ষমতায়ন নিশ্চিত করার সুখম উন্নয়নের একটি অপরিহার্য পূর্বশর্ত। বর্তমান সরকারের গৃহীত ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচি, মা ও শিশু সহায়তা কর্মসূচি, মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কর্মসূচি, নারী নির্যাতন, বাল্যবিবাহ ও যৌতুক প্রতিরোধ কার্যক্রম, শ্রমজীবী মেয়েদের শিশু দিবস কেন্দ্র কার্যক্রম, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, একসিলারেটিং প্রটেকশন ফর চিল্ড্রেন (এপিসি) প্রকল্প সমূহের মত গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করছে মহিলা বিষয়ক অধিদপ্তর।

মহিলা বিষয়ক অধিদপ্তরের ময়মনসিংহ জেলা থেকে পাওয়া তথ্য অনুযায়ী, (১৩ টি উপজেলায়) ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪(২ বছর) এ জেলার ৩৫ হাজার ৭৪ জন উপকারভোগী মহিলা জনপ্রতি মাসিক ৩০ কেজি হারে চাল বিতরণ করা হচ্ছে। কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ময়মনসিংহ জেলার সকল পৌরসভায় ২ হাজার ১৫০ জন উপকারভোগী মহিলাকে জনপ্রতি মাসিক ৮০০ টাকা হারে বিতরণ করা হচ্ছে। মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় ২০০৩ সাল হতে প্রদত্ত ঋণ ৪কোটি ১৪ লক্ষ ২৮ হাজার ৯৫৯ টাকা এবং ঋণ গ্রহীতার সংখ্যা ৫ হাজার ৪০০ জন। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র কর্মসূচির আওতায় জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ (আধুনিক দর্জি বিজ্ঞান, শো-পিচ তৈরি, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, মোমবাতি তৈরি, বিউটি ফিকেশন প্রশিক্ষণ) তিন মাসব্যাপি কর্মসূচি চলমান।

জেলা উপপরিচালক কার্যালয়ের দেয়া তথ্য মতে, মা ও শিশুর সহায়তা কর্মসূচির আওতায় ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় প্রতি মাসে ১৬৫ জন করে এবং সদর উপজেলায় প্রতি ইউনিয়নের প্রতি মাসে ১৫ জন এবং অন্যান্য উপজেলা সময়ে প্রতি ইউনিয়নে প্রতি মাসে ৬ জন করে উপকারভোগী বাচায় কার্যক্রম চলমান। শ্রমজীবী মেয়েদের শিশু দিবস কেন্দ্র কর্মসূচির আওতায় শ্রমজীবী মেয়েদের ০৬ মাস হতে ০৬ বছর বয়সে ৮০টি শিশুকে সকাল ৯টা হতে বিকাল ৫ টা পর্যন্ত খাকা, খাওয়া, প্রাক-প্রাথমিক শিক্ষা, ইনডোর খেলাধুলা সহ নিরাপদ হেফাজতে পর্যন্ত রাখা হয়।

জেলা ও উপজেলা পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ছেলের মাধ্যমে নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও আইনি সহায়তা প্রদান, বাল্যবিবাহ, যৌতুক, ইভটিজিং, যৌনহয়রানি ও পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন ২০১০ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সভা সমাবেশ, উঠান বৈঠক কার্যক্রম চলমান।

এছাড়া আন্তর্জাতিক নারী দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস, বেগম রোকেয়া দিবস, কন্যা দিবস, মা দিবস, ২০১৩ সাল থেকে শুরু হওয়া "জয়িতা অন্বেষণ বাংলাদেশ" শীর্ষক কার্যক্রমের আওতায় পাঁচটি ক্যাটাগরিতে এ পর্যন্ত বিভাগীয় পর্যায়ে ১৫ জন, জেলা পর্যায়ে ৪০ জন ও উপজেলা পর্যায়ে ৫২০ জন জয়িতা নির্বাচন এবং "রোকেয়া দিবস" ২০২৩ উদযাপন অনুষ্ঠানে জয়িতাদের সম্মাননা ও ফ্রেস্ট প্রদান করা হয়।

#

রেজভী/মনির/দেওয়ান/রিদওয়ান/ হদা // ২০২৪/১৪:৩০ ঘন্টা

